



নম্বর ৩০.৩১.০০০০.২১১.৩১.০০৭.২১.১৪

যোগাযোগ বিভাগ

তারিখ: ৬ মাঘ ১৪২৭

ডায়েরী নম্বর: ১৩২৬

২০ জানুয়ারি ২০২১

তারিখ: ২০/১/২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: সিএএবি সদর দপ্তরের যে-কোন অভিযোগ 'অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা' বরাবর প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সদর দপ্তরের বিভিন্ন বিভাগের মধ্যে দাপ্তরিক প্রয়োজনে ইউ.ও.নোটে অথবা নথিতে তথ্য আদান-প্রদান করা হয়ে থাকে। এছাড়া, কোনো কোনো বিভাগ এ কর্তৃপক্ষের বহির্ভূত অন্য কোনো দপ্তরকে অথবা কোনো নাগরিককে বিভিন্ন সেবা প্রদান করে থাকে। এক বিভাগ কর্তৃক অন্য কোনো বিভাগের নিকট তথ্য চাওয়া হলে নির্ধারিত সময়সীমার মধ্যে তা সরবরাহ করতে হয়। সিএএবি সদর দপ্তরের কোনো বিভাগ/শাখা কর্তৃক সদর দপ্তরের অন্য কোনো বিভাগ/শাখার নিকট তথ্য চাওয়ার পর তা নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহ করা না হলে অথবা কোনো কর্মকর্তা/কর্মচারি বা কোনো নাগরিক কর্তৃক সিএএবি সদর দপ্তরের কোনো বিভাগ/শাখার নিকট কোনো তথ্য/সেবা চাওয়ার পর নির্ধারিত সময়সীমার মধ্যে প্রদান করা না হলে এ সংক্রান্ত অভিযোগ সদর দপ্তরের 'অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)' বরাবর সরাসরি দাখিল করা যাবে।

২.০ উল্লেখ্য, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সদর দপ্তরের অভিযোগ নিষ্পত্তির জন্য পরিচালক (প্রশাসন) 'অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)' হিসেবে দায়িত্ব পালন করছেন।

৩.০ সকলের অবগতির জন্য এ বিজ্ঞপ্তি জারি করা হলো এবং অধীনস্থ সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

২০-১-২০২১

মোঃ জহিরুল ইসলাম

পরিচালক (প্রশাসন) (উপ-সচিব) ও অভিযোগ  
নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সদস্য -----(সকল), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

২) জনাব এ.এইচ.এম. গোলাম কিবরিয়া, যুগ্ম-সচিব ও আপিল কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

- ৩) প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ৪) পরিচালক (অর্থ), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ৫) পরিচালক (ফ্লাইট স্ট্যান্ডার্ড, রেগুলেশনস এন্ড ইন্টারন্যাশনাল এ্যাফেয়ার্স), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ৬) পরিচালক (এয়ার ট্রাফিক ম্যানেজমেন্ট-এটিএম), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ✓ ৭) পরিচালক (সিএনএস), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮) পরিচালক (পরিবহন, অপারেশনাল প্রশিক্ষণ, উন্নয়ন ও মনিটরিং), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ৯) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিভিল সার্কেল, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ১০) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ই/এম সার্কেল, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ১১) পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ১২) ব্যক্তিগত সহকারী, পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ১৩) নোটিশ বোর্ড, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।